কোরবানির পশুর চামড়ার দাম নির্ধারণ

আগামী সপ্তাহে পবিত্র ঈদুল আজহা। কোরবানির পশুর চামড়া সংগ্রহে এখন শেষ সময়ের প্রস্তুতি চালাচ্ছেন ট্যানারি মালিকরা। এরমধ্যে কোরবানির পশুর চামড়ার দাম নির্ধারণ করে দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। ঢাকায় লবনযুক্ত প্রতি বর্গফুট গরুর চামড়ার দাম ৪৫-৫০ টাকো এবং ঢাকার বাইরে প্রতি বর্গফুট ৩৫-৪০ নির্ধারণ করা হয়েছে। সারাদেশে খাসি ১৮-২০ টাকা, বখরি ১৩-১৫ টাকা ও মহিষের চামড়া প্রতি বর্গফুট ৩৫-৪০ নির্ধারণ করা হয়েছে। গতবছরও চামড়ার দাম একইরকম ছিল।

মঙ্গলবার সচিবালয়ের বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি নির্ধারিত দাম ঘোষণা করেন। চামড়া ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে এই দাম নির্ধারণ করা হয়।

চামড়ার দাম কমার সম্ভাবনা নেই জানিয়ে টিপু মুনশি বলেন, আন্তর্জাতিক ও দেশীয় কোনও বাজারেই চামড়ারা দাম কমেনি। কাজেই দাম কমার কোনও প্রশ্নই আসে না।